অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/5/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন 250 মিলিয়ন মার্কিন ডলারের রিস্টোর আবেদন সময়কাল শুরু হবে 11 জুলাই

ব্লাইটেড কাঠামো পুনর্গঠন বা অপসারণ করে সম্প্রদায়সমূহের পুনরুজ্জীবনের প্রসার

13 জুলাই, বুধবার, সকাল 10টায় অনুষ্ঠিতব্য নির্দেশনামূলক ওয়েবিনারের জন্য নিবন্ধন করুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে রিস্টোর নিউ ইয়র্ক (Restore New York) অনুদান কর্মসূচি 11 জুলাই শুরু হবে। এই 250 মিলিয়ন মার্কিন ডলারের কর্মসূচিটি ব্লাইটেড কাঠামো অপসারণ ও পুনর্গঠনের মাধ্যমে সম্প্রদায়ের বিকাশ এবং এলাকার প্রবৃদ্ধিকে উৎসাহিত করে। রিস্টোর নিউ ইয়র্ক মিউনিসিপ্যালিটিগুলির জন্য উপলভ্য সেইসকল প্রকল্পের সমর্থনের জন্য যার মনোযোগ হলো আবাসিক, বাণিজ্যিক এবং মিশ্র ব্যবহারের ভবনসমূহকে ভেঙ্গে ফেলা, পুনর্বাসন এবং সংস্কার করা। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) পরিচালিত এই কর্মসূচিটি স্থানীয় সরকারগুলিকে তাদের সম্প্রদায়সমূহ পুনর্জীবিত করতে সাহায্য করার জন্য, এবং বাণিজ্যিক বিনিয়োগ উৎসাহিত করার জন্য, স্থানীয় আবাসনের স্টক বৃদ্ধি করার জন্য, সম্পত্তিগুলিকে করে আওতায় ফিরিয়ে আনার জন্য এবং স্থানীয় করে ভিত্তি বৃদ্ধি করার জন্য নকশা করা হয়েছে। এই বছর অনুদানগুলি প্রদান করা হবে দুইটি রাউন্ডে, প্রথম রাউন্ডে 100 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকবে এবং দ্বিতীয় রাউন্ডে 150 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকবে।

"আমি স্টেটের প্রতি কোণায় গিয়েছি এবং নিজের চোখে দেখেছি যে নিউ ইয়র্কের অনেক ব্লাইটেড, পুরনো ভবনের মধ্যে কী সম্ভাবনা রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "এই স্থানগুলির এককালে একটি উদ্দেশ্য ছিলো এবং এখন এলাকায় নতুন জীবন আনতে এগুলি প্রয়োজন তহবিল এবং ভিশন। রিস্টোর নিউ ইয়র্ক তহবিল স্থানীয় এলাকাগুলিকে এই পরিত্যক্ত এবং অবহেলিত সম্পত্তিগুলিকে রূপান্তর করার সংস্থান প্রদান করে, যা স্টেটব্যাপী সম্প্রদায়সমূহের পুনর্গঠনে এবং এদের আরো শক্তিশালী করতে সাহায্য করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান এবং কমিশনার হোপ নাইট বলেন, "রিস্টোর নিউ ইয়র্ক মিউনিসিপ্যালিটিগুলিকে সেই সমর্থন প্রদান করে যা তাদের সম্প্রদায়ে, বিশেষ করে ডাউনটাউন কেন্দ্রগুলিতে সত্যিকারের পরিবর্তন আনতে তাদের

প্রয়োজন।এলাকার মূল্য কমায় এমন চক্ষুশূল অপসারণ বা পুনর্বাসিত করার মাধ্যমে, মিউনিসিপ্যালিটিগুলির কাছে তাদের সম্প্রদায়কে পুনর্জীবিত করার এবং নতুন অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করার একটি সুযোগ থাকছে।"

রিস্টোর নিউ ইয়র্কের লক্ষ্য হলো আবাসিক, বাণিজ্যিক, এবং মিশ্র ব্যবহারের সম্পত্তিকে পুনর্গঠন করে বাসিন্দা ও ব্যবসাসমূহকে আকৃষ্ট করতে সাহায্য করা। প্রত্যেক প্রকল্পকে আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Regional Economic Development Council, REDC) আঞ্চলিক কৌশলী পরিকল্পনার সাথে মানানসই হতে হবে এবং প্রকল্পগুলিকে হয় আশেপাশের এবং সংলগ্ন সম্পত্তিগুলির সাথে স্থাপত্যগত দিক দিকে সংগতিপূর্ণ হতে হবে বা মিউনিসিপ্যালিটির স্থানীয় পুনরুজ্জীবন বা শহুরে বিকাশ পরিকল্পনার সাথে সংগতিপূর্ণ হতে হবে।

তহবিল ব্যবহার করা যেতে পারে খালি, পরিত্যক্ত, নিন্দিত বা বাড়তি ভবনের জন্য ব্যবহার করা যাবে এবং এই সম্পত্তিগুলি ভেঙ্গে ফেলা, কিছু অংশ ভেঙ্গে নতুন করে করা, পুনর্বাসন বা পুনর্গঠন করা যাবে। জোর দেওয়া হবে অর্থনৈতিক ভাবে দৈন্যদশায় থাকা সম্প্রদায়সমূহের প্রকল্পসমূহে যেগুলি অন্য স্টেট বা ফেডারেল পুনর্গঠন তহবিল ব্যবহার করে এবং প্রকল্পের সম্ভাব্যতা এবং প্রস্তুত থাকার উপর। যোগ্য আবেদনকারীদের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেটের অধীনস্থ কাউন্টি, শহর, টাউন এবং গ্রাম, নিম্নের নির্ণায়কের উপর ভিত্তি করে:

- 100,000-র বেশি জনসংখ্যার শহরগুলি একটি প্রকল্পের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত আবেদন করতে পারবে। তবে, 1 মিলিয়নের বেশি জনসংখ্যার শহর এবং কাউন্টিকে অবশ্যই শহরের একটি জীর্ণ এলাকার প্রকল্পের জন্য আবেদন করতে হবে।
- 40,000 থেকে 99,999 জনসংখ্যার শহর এবং গ্রামগুলি একটি প্রকল্পের জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত আবেদন করতে পারবে।
- অন্য সকল মিউনিসিপ্যালিটিগুলি একটি প্রকল্পের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত আবেদন করতে পারবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সীমিত সংখ্যক বিশেষ অনুদান প্রদান করতে পারে। 100,000 বা এর কম জনসংখ্যার মিউনিসিপ্যালিটি এবং 400,000 বা এর কম জনসংখ্যার কাউন্টি একটি দ্বিতীয় পৃথক প্রকল্পের জন্য অথবা উপরে তালিকাভুক্ত তহবিল সীমার পাশাপাশি একটি বড় প্রকল্পের অংশের জন্য অতিরিক্ত 10 মিলিয়ন মার্কিন ডলারের জন্য আবেদন করতে পারবে। বিশেষ প্রকল্পগুলি হলো সেগুলি যেখানে সম্পত্তিগুলি সম্প্রদায়ে ব্যাপক অর্থনৈতিক ক্ষতি করে, একটি উচ্চ বা মধ্যম দৈন্যদশায় থাকা সম্প্রদায়ে কেন্দ্রীয় ব্যবসা জেলায় একটি অত্যন্ত দৃশ্যমান এবং ব্লাইটেড সম্পত্তি বা সম্পত্তিসমূহ ফেলে রেখে যার সম্প্রদায়টির সার্বিক অর্থনৈতিক বিকাশ সম্ভাবনায় একটি বিষণ্ণ প্রভাব রয়েছে।

11 আগস্ট, 2022 তারিখের মধ্যে ESD-কে আবেদনের একটি ইচ্ছার ব্যাপারে জানাতে হবে। কর্মসূচি এবং অবশ্যিকতার ব্যাপারে আরো বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

https://esd.ny.gov/restore-new-york.প্রস্তাবনার অনুরোধ (Request for Proposal, RFP) এবং সম্পূর্ণ নির্দেশনা পাওয়া যাবে 11 জুলাই থেকে।

স্টেট সিনেটর আনা এম. কাপলান বলেন, "ব্লাইটেড কাঠামো আমাদের সম্প্রদায়ের জন্য দাগের মতো এবং এগুলি স্থানীয় সংস্থান নিঃশেষ করে, তাই প্রতিবার যখন আমরা একটি সম্পত্তি পুনর্জীবিত করি এবং করের আওতায় নিয়ে আসি, তা আমাদের সকলের জন্য বিজয় হয়। রিস্টোর নিউ ইয়র্ক কর্মসূচিটি ব্লাইটের সাথে লড়াই করবে এবং আমাদের সম্প্রদায়সমূহকে মহামারীর যুগ থেকে পুনরুদ্ধার পেতে সাহায্য করবে, এবং আমি সকল মিউনিসিপ্যালিটিকে তাগিদ দিচ্ছি এই ব্যাপারে আরো জানুন এবং নিউ ইয়র্ককে অগ্রসর করার জন্য তহবিল পেতে আবেদন করুন।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন, "এটি একটি দারুণ কর্মসূচি যা আমাদের এলাকাগুলির চেহারা পাল্টে দিবে এবং এককালের জরাজীর্ণ সম্পত্তিতে প্রাণশক্তি ফিরিয়ে আনবে। এমন সুযোগগুলিই নিউ ইয়র্ককে ফেরত আনছে এবং আমাদের পরিবারগুলির জন্য আরো কর্মসংস্থান সৃষ্টি করছে। ধন্যবাদ গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, আমাদেরকে একটি অন্তর্ভুক্তিকর এবং ন্যায্য অর্থনৈতিক পুনরুদ্ধারের দিকে অগ্রসর হতে সাহায্য করতে থাকার জন্য।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ESD ঋণ, অনুদান, কর ক্রেডিট এবং অন্যান্য ধরনের আর্থিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটব্যাপী বেসরকারি ব্যবসায়িক বিনিয়োগ বৃদ্ধি ও বিকাশের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং সমৃদ্ধ সম্প্রদায়কে সমর্থন করার জন্য কাজ করছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন